গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(এনজিও সেল)
www.madaripur.gov.bd

## মাদারীপুর জেলায় "মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার" কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মারুফুর রশিদ খান, জেলা প্রশাসক, মাদারীপুর
সভার তারিখ : ১৮ মার্চ ২০২৪
সভার সময় : বিকাল ০৩:০০ টা
সভার স্থান : জেলা প্রশাসক, মাদারীপুর-এর সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। এসডিজি বাস্তবায়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এনজিওসমূহের অবদান রাখার যথেষ্ট সুযোগ রয়েছে। এমতাবস্থায় মাদারীপুর জেলার এনজিওসমূহকে সমন্বয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষার বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি ও পুনর্বাসনের মাধ্যমে ভিক্ষুক ও বেকারত্ব মুক্তকরণ, আত্মনির্ভরশীলতা, নৈতিকতা ও সামাজিক অবক্ষয়রোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), মাদারীপুর কর্তৃক উপস্থাপিত বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভায় সংযুক্ত বিভিন্ন এনজিওসমূহের প্রতিনিধিগণ এনজিও কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। এনজিওসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয় ,সরকারের সাথে সমন্বয় করে সকল এনজিওকে কাজ করার অনুরোধ জানানো হয়।

| ক্র ন | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | জরায়ু মুখ ও স্তন ক্যান্সার বিষয়ে আলোচনা | মোহাম্মদ মারুফুর রশিদ খান, জেলা প্রশাসক ও সভাপতি জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা, মাদারীপুর মহোদয় ৩০-৬০ বছর বয়সী সকল মা-বোনদের স্তন ক্যান্সার, জরায়ু-মুখ ক্যান্সার এর সচেতনতা বৃদ্ধির জন্য সকল এনজিও কে একসাথে কাজ করার আহব্বান করা হয়। আরও বলা হয়, মাদারীপুর প্রায় ৫.৫ লক্ষ মহিলা রয়েছে এবং তাদের মধ্যে প্রায় ২.৫ লক্ষ ৩০-৬০ বছর বয়সী যারা অধিক বেশি ঝুকিগ্রস্থ এই দুটি রোগের ক্ষেত্রে। মাদারীপুর সদরে প্রায় ৭০ হাজার ৩০-৬০ বছর বয়সী মহিলাদেরকে নিয়ে উদ্যোগ শুরু করার কথা বলা হয়। এই উদ্যেগ সাফল্যমন্ডিত করার জন্য ইউনিয়ন ভিত্তিক স্ক্রিনিং সেবা চালু করার কথা বলা হয় যা দুই মাস ব্যপী চলবে। ইউনিয়নের সকল ৩০-৬০ বছর বয়সী মহিলাদের জানানো এবং তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল এনজিও দের সহযোগিতা কামনা করা হয়। এরই পরিপ্রেক্ষিতে ব্যাপক প্রচারনা এখন থেকেই শুরুর জন্য বলা হয়। প্রচারনার সুবিধার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব, ইমাম, গ্রাম পুলিশ, স্যাস্থ্য কর্মী এবং সকল এনজিও কর্মীদের একসাথে কাজ করার আহব্বান করা হয়। এই দুটি রোগের চিকিৎসার জন্য ৬০ জন মহিলা নার্সের বিশেষ ট্রেনিং শুরু হয়েছে। ট্রেনিং শেষ হলেই মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু হবে। এই প্রকল্পের জন্য ১.৫-২ মিনিটের ভিডিও ক্লিপ তৈরির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এরই ধারাবাহিকতায় ড. সেলিনা আখতার, প্রশিসেস, বলেন, একজন অসহায় মহিলা যিনি তার এই রোগের কোন চিকিৎসা করাতে পারছেন না আর্থিক অস্বচ্ছলতার জন্য। জেলা প্রশাসক মহোদয়ের পক্ষ থেকে আরও আশ্বাস দিয়ে বলা হয়, সকল মহিলা যাতে কম খরচে স্তন ক্যান্সার ও জরায়ু মুখ ক্যান্সার এর চিকিৎসা করাতে | ১। ৬০ জন নার্স বিভক্ত হয়ে একই দিনে তিনটি করে ইউনিয়ন পরিচালনা করবেন। ইউনিয়ন প্রতি সিডিউল পরবর্তীতে জানানো হবে।<br><br>২। সকল এনজিও ব্যাপক প্রচারের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করবেন।<br><br>৩। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব, ইমাম, গ্রাম পুলিশ, স্যাস্থ্য কর্মী এবং সকল এনজিও কর্মীদের একসাথে কাজ করার আহব্বান করা হয়।<br><br>৪। ক্যাম্পেইনের দিন সংশ্লিষ্ট স্থানে স্বাস্থ্য সেবা সম্পর্কিত এনজিওসমূহ নির্দিষ্ট দিনে উপস্থিত থাকবেন।<br><br>৫। যে সকল এনজিও স্বাস্থ্য বিষয়ক কাজ করে থাকে; সেসকল এনজিও এর ডাক্তারদেরকে পর্যায়ক্রমে ট্রেনিং প্রদান করা হবে এবং সেবা গ্রহীতাদের তালিকা সংরক্ষণ করতে হবে। | ১। জেলা প্রশাসন, মাদারীপুর।<br><br>২। সিভিল সার্জন, মাদারীপুর।<br><br>৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা), মাদারীপুর।<br><br>৪। সংশ্লিষ্ট সকল এনজিও, মাদারীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারে সেই বিষয়ে কয়েকজন সম্মানিত ব্যক্তিবর্গের সাথে আলোচনা করা হয়। এ কাজকে ফলপ্রসূ করার জন্য সকল জনসমাগমপূর্ণ স্থানে ব্যপক প্রচারণা চালিয়ে ইউনিয়ন থেকে ইউনিয়নের সকল মহিলাদের চিকিৎসা সেবা নিশ্চিত করার আশাবাদ ব্যক্ত করা হয়। মাদারীপুর লিগ্যাল এইড এসোসিয়েশন-এর প্রতিনিধি মো: ইব্রাহীম মিয়া জেলা প্রশাসক মহোদয়ের এ উদ্যোগকে সাধুবাদ জানানো হয় এবং প্রস্তাব রাখা হয় যে, মাদারীপুর সদর সহ সকল ইউনিয়নে যদি পর পর দুই দিন ব্যপী কার্যক্রম চলমান রাখা হয় তাহলে প্রথমদিনের তুলনায় দ্বিতীয় দিন উপস্থিতির হার বেশি হয়। এ পর্যায়ে গণেশ দাস, আশা থেকে বলেছেন, যে সকল এনজিও স্বাস্থ্য বিষয়ক কাজ করে থাকে সেসকল এনজিও এর ডাক্তারদেরকে ট্রেনিং এ অংশগ্রহণ করালে ভাল হবে এবং বিনামূল্য ঔষুধ বিতরণ এর ক্যাম্প করলে ভালো হবে। ব্রাক থেকে মিতু দেবনাথ বলেন, খুব ভালো উদ্যেগ এবং আরও বলা হয়, লোকাল ক্যাবল , মাইকিং করা, মাধ্যমিক স্কুলে যদি লিফলেট দিয়ে প্রচার করা যায় কারণ এতে শিক্ষার্থীরা বাসায় গিয়ে তাদের মা-বোনকে জানাতে পারবে, বিলবোর্ড তৈরি, মন্দির, চার্চ সকল জায়গায় লিফলেট বিতরণ করার মাধ্যমে ও প্রচার করা যায়। মাদারীপুর লিগ্যাল এইড এসোসিয়েশন, মো: ইব্রাহীম মিয়া আরও বলেন, শিডিওল করতে হবে, এবং স্টেক হোল্ডারদের নিয়ে একত্রে কাজ করতে হবে। জেলা প্রশাসক মহোদয় আরও বলেন, এ সকল কর্মসূচী স্বাস্থ্য খাতে অর্ন্তভুক্ত যা এসডিজি বাস্তবায়নে ভূমিকা পালন করবে। আরও বলা হয়, যে কোন সমাজকে পরিবর্তন করতে হলে, স্বাস্থ্য ও শিক্ষা এই দুটি বিষয়কে গুরুত্ব দিতে হবে। এরপর অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) এই বিষয়ের উপর বিস্তর আলোচনা করেন। | | |
| ০২। | এসডিজি বিষয়ক আলোচনা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশের জন্য টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ৩৯ টি টার্গেট ও ১ টি অগ্রাধিকার প্রাপ্ত টার্গেট নিয়ে আলোচনা হয়। | এসডিজির লক্ষ্যমাত্রা পূরণে স্ব স্ব এনজিও তাদের কর্মপরিকল্পনা প্রস্তুত করে মাসিক সমন্বয় সভার পূর্বে এনজিও সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা প্রদান করবেন। | ১। জেলা প্রশাসন, মাদারীপুর।<br>২। সংশ্লিষ্ট এনজিও (সকল) |
| ০৩। | সভার প্রতিবেদন/ কার্যপত্রপ্রেরণ | জেলা এনজিও সমন্বয় সভায় উপস্থাপনের জন্য প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণের মাধ্যমে, তারিখ ও সময় সংক্রান্ত আলোচনা করা হয়। | প্রত্যেক এনজিওর কার্যক্রমের মাসিক প্রতিবেদন/ কার্যপত্র নির্ধারিত 'ছক' অনুযায়ী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সফটকপি ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতেহবে। (ই-মেইল-নম্বর ngomadaripur@gmail.com) | সংশ্লিষ্ট এনজিও (সকল) |
| ০৪। | অন্যান্য সামাজিক কার্যক্রম | প্রত্যেক এনজিও অন্যান্য যে সকল সামাজিক কার্যক্রম সম্পন্ন করছেন সে সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। একই এলাকায় ভিন্ন ভিন্ন এনজিও কর্তৃক একই প্রকৃতির কাজের পুনরাবৃত্তি পরিহার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি উপজেলায় বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও মাদকমুক্ত গ্রাম গড়ার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং বাল্যবিবাহ প্রতিরোধের তথ্য জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। একই এলাকায় ভিন্ন ভিন্ন এনজিও কর্তৃক একই প্রকৃতির কাজের পুনরাবৃত্তি পরিহার | সকল এনজিও প্রধান, মাদারীপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। | |
| ০৫। | সমন্বয় সাধন | প্রত্যেক এনজিও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে সমন্বয় সাধন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। প্রত্যেক এনজিও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে সমন্বয় রেখে এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত করে কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২। উপজেলা সমন্বয় সভায় নিয়মিত অংশগ্রহন করবেন। | ১। ইউএনও (সকল), মাদারীপুর<br>২। সকল এনজিও প্রধান, মাদারীপুর |
| ০৬। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে মাসিক এনজিও সভা নিশ্চিতকরণ | উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত এনজিও বিষয়ক সভা আয়োজন ও কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১।উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত এনজিও বিষয়কসভার কার্যবিবরণী প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।<br>২। বাৎসরিক প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে এটি প্রমাণক হিসেবে গণ্য হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর |
| ০৭। | প্রকল্প শুরুকরণ ও বাস্তবায়ন বিষয়ক প্রত্যয়ন | মাদারীপুর জেলায় নতুন কোন প্রকল্প শুরু হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে অবহিতকরণ সভার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। প্রকল্প বাস্তবায়ন বিষয়ক প্রত্যয়নপত্র প্রাপ্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। প্রকল্প বাস্তবায়ন বিষয়ক প্রত্যয়নপত্র প্রাপ্তি সংক্রান্ত আবেদনের সাথে প্রকল্প সংক্রান্ত বিস্তারিত কাগজপত্র ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।<br>২। যে সকল এনজিও ছক মোতাবেক মাসিক প্রতিবেদন দাখিল করছেন না, তাদের প্রত্যয়নপত্র প্রদান করা হবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও প্রধান, মাদারীপুর |
| ০৮। | এমআরএ-তে তথ্য প্রেরণ | প্রত্যেক এনজিও এমআরএ তে তথ্য প্রেরণ করলে ঋণ ওভারল্যাপিং ঘটবে না। ফলে দেশের সর্বাধিক জনগণ ঋণ সুবিধার আওতায় আসবে। | প্রত্যেক এনজিও প্রতি মাসে এমআরএ তে তাদের তথ্য প্রেরণের হালনাগাদ অবস্থা সম্পর্কে জেলা প্রশাসন কে অবহিত করতে হবে। | সকল এনজিও প্রধান, মাদারীপুর |
| ০৯। | যেসকল তালিকাভুক্ত এনজিও সমূহ অনুপস্থিত | ১। যেসকল এনজিও সমূহ পরপর তিনটি সভায় অনুপস্থিত/ মাসিক রিপোট প্রদান করেনি তাদের কার্যক্রম বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করা আবশ্যক বলে আলোচনা হয়।<br><br>২। সভায় উপস্থিত সদস্যদের সাথে আলোচনা পূর্বক অনুপস্থিত এনজিওদের কার্যক্রম সম্পর্কে এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়।<br><br>৩। এ জেলায় কার্যক্রম পরিচালনাকারী এনজিও প্রতিনিধিদের মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | ১। যেসকল এনজিওসমূহ পরপর তিনবার মাসিক সভায় অনুপস্থিত থাকবেন তাদেরকে নোটিশ প্রদান পূর্বক এনজিও বিষয়ক ব্যুরোতে অবহিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>২। জেলা মাসিক সভায় অংশগ্রহণকারী এনজিও সমূহের উপজেলা প্রতিনিধিদের উপজেলা মাসিক সমন্বয় সভায় নিয়মিত অংশগ্রহণ করতে হবে। এনজিও প্রধানগন উপজেলা প্রতিনিধির উপস্থিতি সুনিশ্চিত করবেন। | জেলা প্রশাসন, মাদারীপুর |
| ১০। | পাওয়ার পয়েন্ট প্রদর্শনী | এনজিওসমূহের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবগত সংক্রান্ত আলোচনা। প্রত্যেক সভায় একটি এনজিও তাদের মাসিক কার্যক্রম পাওয়ার পয়েন্টে প্রদর্শন করবেন। | ১। আগামী সভায় অংকুর পল্লী উন্নয়ন কেন্দ্র, মাদারীপুর এনজিও কার্যক্রম পাওয়ার পয়েন্টে উপস্থাপন করবেন।<br>২। পাওয়ার পয়েন্ট এর সফটকপি এ কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। | অংকুর পল্লী উন্নয়ন কেন্দ্র, মাদারীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | বিবিধ | ক) প্রত্যেক এনজিও তাদের কার্যক্রম সম্পর্কিত একটি ফাইল একার্যালয়ে জমা প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়।এ সংক্রান্ত নির্দেশনা স্বত্বেও অনেক এনজিও প্রতিষ্ঠান তাদের নিজ নিজ ফাইল জমা প্রদান করেননি। | ১। প্রত্যেক এনজিও নিজ কার্যক্রম সম্পর্কিত একটি ফাইল একার্যালয়ে জমা প্রদান করবেন। প্রত্যয়ন প্রদানের সময় এটি প্রমানক হিসেবে পরিগনিত হবে।<br>২। প্রতিমাসেই অগ্রগতি/বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণক সহকারে এ কার্যালয় কর্তৃক নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রেরন করতে হবে। প্রমাণক প্রেরিত না হলে বার্ষিক প্রত্যয়ন প্রদান করা সম্ভব হবেনা। | ১। জেলা প্রশাসন, মাদারীপুর<br><br>২। এনজিও প্রধান (সকল) মাদারীপুর। |

# বিভিন্ন এনজিও সমূহদের মাসিক কার্যক্রম:

| ক্র: নং | মাদারীপুর জেলায় কার্যক্রম পরিচালনাকারী এনজিও সমূহের মাসিক ফেব্রুয়ারি ২০২৪ মাসের কার্যক্রমের বিবরণ |
|---|---|
| ০১. | **আশা, মাদারীপুর** |
| | ০১। প্রকল্প এলাকা: মাদারীপুর<br>০২। ঋণ কার্যক্রমের তথ্য: চলতি মাসে ৪১০৮ জনকে ৩২.৫৭ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>০৩।শিক্ষা কার্যক্রমের তথ্য: ফেব্রুয়ারী ২০২৪ মাসে ৪৫৯৩ জনকে ৩০০৫০০ টাকার সেবা দেয়া হয়েছে।<br>০৪। স্বাস্থ্য সেবা কার্যক্রমের তথ্য: ফেব্রুয়ারি ২০২৪ মাসে মোট ১৯৩৫ জনকে ৩০০৫০০ টাকার স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।<br>৫। মৃত্যু জনিত বীমা সহায়তা কর্মসূচী (আশা'র সমিতি ভুক্ত সদস্য): ফেব্রুয়ারি ২০২৪ ইং মাসে ৩৫ জন সমিতি ভুক্ত সদস্য'র মাঝে ১৭৯০২৯৩ টাকা ঋণ বীমা দাবী সম্পূর্ণ আশা'র নিজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়েছে।<br>৬।দুগ্ধবতী গাভী খামার প্রকল্প : প্রতিবেদনাধীন মাসে অর্জন=১০ টি। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=২০৮০০০ টাকা।<br>৭।স্যানিটেশন কার্যক্রমঃ ফেব্রুয়ারি ২০২৪ মাসে মাদারীপুর জেলায় আশা কর্তৃক ৫১ জন সদস্য'র মাঝে ১০৪৫০০০ টাকা স্যানিটেশন ঋণ প্রদান করা হয়। |
| ০২. | **ব্র্যাক, মাদারীপুর** |
| | ১) ব্র্যাক স্বাস্থ্য,পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচি: গত জানুয়ারি ২০২৪ মাসে ব্র্যাক স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসুচির আওতায় Reading Glass Livlihood Project(RGIL)এর প্রকল্পের প্রতিবেদনাধীন মাসে অর্জন=১৫১২। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=৯৫৩০০টাকা। কমিউনিটি পর্যায়ে ফ্রি ক্যাম্পের মাধ্যমে চক্ষুপরীক্ষা করে সহযোগিতা করা হয়েছে।<br>২) মাইগ্রেশন কর্মসূচি: ফেব্রুয়ারি ২০২৪ মাস পর্যন্ত ইম্প্রুভড সাসটেইনেবল রিইন্টিগ্রেশন অব বাংলাদেশি রির্টান মাইগ্রেন্টস-প্রত্যাশা-২ প্রকল্পের আওতায় ২৫৮ জন বিদেশ ফেরত ব্যাক্তি চিহ্নিত করে এবং ৫০ জনের প্রোফাইল তৈরি করা হয়েছে।<br>৩)আর্টিফিসিয়াল ইনসেমিনেশন (এ আই) কর্মসূচি: ফেব্রুয়ারি ২০২৪ মাসে এর প্রকল্পের প্রতিবেদনাধীন মাসে অর্জন=১৫৭০। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=২৬৬৯০০ টাকা।<br>৪) ব্র্যাক মাইক্রোফাইন্যান্স কর্মসূচি: ফেব্রুয়ারি ২০২৪ মাসে ব্র্যাক মাইক্রোফাইন্যান্স কর্মসুচির আওতায় প্রতিবেদনাধীন মাসে অর্জন=৫৫২০। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=৭৯৫০৭০০০০টাকা।<br>৫) যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি: প্রতিবেদনাধীন মাসে অর্জন=১১২। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=১০০০০০০টাকা। |
| ০৩. | **লিগ্যাল এইড এসোসিয়েশন, মাদারীপুর** |
| | ০১.প্রকল্পের নাম: প্রোমটিং রুল অফ ল প্রু স্ট্রেনদেনিং ফরমাল এন্ড ইনফরমাল জাস্টিস ও এক্সেস টু জাস্টিস এন্ড হিউম্যান রাইট ফেইজ-৩<br>০২. প্রকল্পভিত্তিক প্রতিবেদনাধীন মাসের ব্যয়ের পরিমাণ: ২৮১১৮৭ টাকা<br>০৩. প্রকল্পভিত্তিক প্রতিবেদনাধীন মাসের অর্জন:<br>১. সালিস ৫১৬ টি ২. সালিসী পরিষদের সংখ্যা : ৬৮২ টি ৩. প্রশিক্ষণ ও কর্মশালা : ৪৫ টি<br>৪. পুলিশদের নিয়ে কর্মশালা : ২২টি ৫. জেলা লিগাল এইড কমিটি কর্মশালা : ৭৭টি ৬. মাসিক কর্মী সমন্বয় সভা = ২৬টি। |
| ০৪. | **সাজেদা ফাউন্ডেশন, মাদারীপুর** |
| | **০১. প্রকল্পের নামঃ** ইনসিওরিং সাসটেইনএবল এক্সসেস টু ইমপ্রুভ ওয়াস সার্ভিসেস ফর রুরাল পিপল<br>**০২.প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ভৌত/বাস্তব অর্জনঃ** ৪২০০ জন লোক বিশুদ্ধ পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট এর সুবিধা পাচ্ছেন<br>**০৩. প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের আর্থিক ব্যয়ঃ** ৩৮০০ টাকা<br>**০৪.এ পর্যন্ত প্রকল্পের মোট ভৌত/বাস্তব অর্জনঃ** ৪২০০ জন লোক বিশুদ্ধ পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট এর সুবিধা পাচ্ছেন।<br>**০৫. এ পর্যন্ত প্রকল্পের মোট আর্থিক ব্যয়ঃ** ৬৩৭১৯৮৪/=<br>বর্তমানে মাদারীপুর জেলায় মাইক্রোফাইন্যান্স কর্মসূচী চলমান আছে অন্য কোন প্রকল্প চলমান নেই । |
| ০৫. | **ইএসডিও, মাদারীপুর** |

| | |
|---|---|
| | ০১. প্রকল্পের নামঃ ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠির আয় এবং জীবনযাত্রা পুনরুদ্ধারে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন (আইএলআরপি) এবং ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠির জন্য সরকার গৃহীত পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়ন।<br>প্রকল্পের নাম:ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভলপমেন্ট (ICVGD) ২য় পর্যায় প্রকল্প।<br>**০৫। প্রকল্পের ষাণ্মাসিক/বার্ষিক/বহবার্ষিক আর্থিক বরাদ্দের পরিমাণঃ** ৯৫,১৫,১৪৫.৮২ টাকা।<br>**০৬। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ভৌত/বাস্তব** অর্জনঃ ৪৮ জন ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের মাঝে অতিরিক্ত সহায়তা প্রদান। ২৪ টি গলে ৫৮১ জনকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ ও ১২ টি গলে ৩০১ জনকে বিষয়ভিত্তিক(ছাগল পালন) প্রশিক্ষণ প্রদান।<br>**০৭। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের আর্থিক ব্যয়ঃ** ৪৩,৪৫,৭৮৩.৬৭ টাকা। ৪৮৬০০০ টাকা। |
| ০৬. | **টিআইবি/সচেতন নাগরিক কমিটি (সনাক), মাদারীপুর** |
| | ০১.প্রকল্পের নাম: Participatory Action against Corruption:Towards Transparency and accountability (PACTA)<br>০৪. প্রকল্পের মাসিক কার্যক্রম: তথ্য অধিকার আইন বিষয়ক ক্যাম্পেইন, নাগরিক সমাবেশ, কর্তৃপক্ষের সাথে এসিজি ও সনাকের অধিপরামর্শ সভা, এসিজিদের প্যাকট্যাপ বিষয়ক ওরিয়েন্টেশন, কমিউনিটি অ্যাকশন মিটিং, এসিজি ও ইয়েসদের সমন্বয়ে সভা, সনাক ও ইয়েস সভা, সনাক উপ-কমিটির সভা।<br>০৫. প্রকল্পের মোট বরাদ্দের পরমিাণ: প্রকল্পের বাজেটে (২য় বছর/২০২৪ সাল) মোট বরাদ্দ (র্কমসূচি) =১৪৭২৬০০/ টাকা<br>০৬. প্রকল্প ভিত্তিক প্রতিবেদনাধীন মাসের ব্যয়ের পরমিাণ: (র্কমসূচি)=৮২৭৫৮/-টাকা<br>০৭. প্রকল্প ভিত্তিক অর্জন: (ক) ৩৬৮ টি র্কমসূচি (খ) এ পর্যন্ত র্অজন: ৩৭ টি র্কমসূচি সম্পন্ন হয়েছে। |
| ০৭. | **টিএমএসএস, মাদারীপুর** |
| | ১. প্রকল্পের নাম: জাগরণ, অগ্রসর ও ওয়াশ ঋণ বিতরণ। পিকেএসএফ, বিভিন্ন ব্যাংক ও রেমিটেন্স।<br>২. প্রকল্পের/কর্মসূচি এলাকা : মাদারীপুর জেলা। ৩. প্রধান কার্যক্রমসমূহ : ঋণ প্রদান, সঞ্চয়, রেমিটেন্স, ওয়াটার স্যানিটেশন।<br>৪. প্রকল্পের/কর্মসূচির মাসিক কার্যক্রম : ঋণ প্রদান, সঞ্চয়, রেমিটেন্স, ওয়াটার স্যানিটেশন, কৃষি ঋণ।<br>৫. প্রকল্পের প্রতিবেদনাধীন মাসে ব্যয়ের পরিমান :২৪২০৮৬৪/- টাকা<br>৬. প্রকল্পভিত্তিক লক্ষ্যমাত্রা : ৮২২৫০০০০/- টাকা<br>৭. (ক) প্রকল্পভিত্তিক প্রতিবেদনাধীন মাসের অর্জন : **৮০২৫০০২২/-** টাকা<br>খ) এ পর্যন্ত অর্জন :**৪৭২৬৮৩০০০/-** টাকা |
| ০৮. | **বুরো বাংলাদেশ, মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম: মৌলিক স্বাস্থ্য শিক্ষা কর্মসূচি, ওয়াস কর্মসূচী<br>০২. প্রকল্পের মাসিক কার্যক্রম: ওয়াটার স্যানিটেশন<br>০৩. (ক) প্রকল্প ভিত্তিক অর্জন (প্রতিবেদনাধীন মাসে অর্জন): ৮১১১ টি পরিবার বিশুদ্ধ পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট এর সুবিধা পাচ্ছেন। ফেব্রুয়ারী/২৪ মাসের ১২৮১ জন গ্রাহকের মাঝে ১২৮১৭২০০০/- টাকা কৃষি, এস.এম.ই, মৌসুমি ঋণ বিতরন করা হয়েছে। ৩ জন সদস্য মৃদ্যুজনিত কারনে ২২৫০০০/- টাকা ঋণ মওকুফ করা হয়েছে। ২৩০ জন সদস্য কে রেমিটেন্স সেবা দেয়া হয়েছে। |
| ০৯. | **প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, মাদারীপুর** |
| | ১। প্রকল্পের নাম:- ঋণ বিতরণ ২। প্রকল্পের স্থান:- মাদারীপুর জেলা<br>৩। ঋণ কার্যক্রমের তথ্যঃ- ফেব্রুয়ারি ২০২৪ মাসে এর প্রকল্পের প্রতিবেদনাধীন মাসে অর্জন=৮০০ জন। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=১০ কোটি ৯৫ লক্ষ টাকা।<br>৪। নারী উন্নয়ন ক্ষমতায়ন কর্মসূচি:- ফেব্রুয়ারি ২০২৪ মাসে এর প্রকল্পের বার্ষিক লক্ষ্যমাত্রা=২৬৪ টি সভা সেমিনার করা, প্রকল্পের বরাদ্দ=১৫০০০০ টাকা। প্রতিবেদনাধীন মাসে অর্জন=১৫ টি। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=৪৫০০০ টাকা।<br>৫। মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বৃদ্ধি কর্মসূচিঃ- ফেব্রুয়ারি ২০২৪ মাসে এর প্রকল্পের বার্ষিক লক্ষ্যমাত্রা=৮৮টি, প্রকল্পের বরাদ্দ=২৬৪০০০টাকা। প্রতিবেদনাধীন মাসে অর্জন= ৬ টি। প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ব্যয়=১৮০০০ টাকা। |
| ১০. | **দেশ ডেভেলপমেন্ট সেন্টার (ডিডিসি) , মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম:- দেশ ডেভেলপমেন্ট সেন্টার (ডিডিসি), ক্ষুদ্রঋণ প্রকল্প।<br>০২. প্রকল্পের মাসিক কার্যক্রম: ক্ষুদ্রঋণ বিতরণ।<br>০৩. প্রকল্পভিত্তিক প্রতিবেদনাধীন মাসের ব্যয়ের পরিমাণ: ২২২০০০০/- টাকা<br>০৪. প্রকল্প ভিত্তিক লক্ষ্যমাত্রা: ২৫,০০,০০০/-<br>০৫. প্রকল্প ভিত্তিক প্রতিবেদনাধীন মাসের অর্জন: **২০৮০৭৭৭ টাকা।** |
| ১১. | **আরডিএফ , মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম: ক্ষুদ্রঋণ প্রকল্প,বরাদ্দ প্রদানকারী সংস্থার নাম: রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আরডিএফ),<br>০২. প্রকল্প এলাকা: মাদারীপুর সদর, কালকনি,শিবচর ও রাজৈর উপজেলা, মাদারীপুর।<br>০৩. প্রধান কার্যক্রম সমূহ: ক্ষুদ্রঋণ, সঞ্চয় ও সদস্য কল্যাণ সুবিধা (বীমা) ,সৌর বিদ্যুৎ।<br>০৪. প্রকল্পরে মাসিক কার্যক্রম: সদস্য সংগ্রহ, সদস্য সঞ্চয়, ঋণ বিতরণ, ঋণ আদায় ও মৃতু ঋণ বীমা সুবিধা।<br>০৫. প্রকল্প ভিত্তিক প্রতিবেদনাধীন মাসের অর্জন: ৪৯৪৪০০০ টাকা।<br>০৬. প্রকল্প ভিত্তিক প্রতিবেদনাধীন মাসের অর্জন: ৫৭৬০০০ টাকা। |

| | |
|---|---|
| ১২. | **প্রশিসেস, মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম: উপানুষ্ঠানিক শিক্ষা পিইডিবি-৪, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।<br>০২. প্রকল্প এলাকা: মাদারীপুর সদর।<br>০৩. প্রধান কার্যক্রম সমূহ: চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি এর সাব কম্পোনেন্ট ২.৫ আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম।<br>০৪. প্রকল্পের মোট বরাদ্দকৃত অর্থের পরিমান: ২৬২৫০০ টাকা<br>০৫. প্রতিবেদনাধীন মাসে অর্জন: নিরক্ষতা দূরীকরণ করে শতভাগ জনগোষ্ঠীকে শিক্ষার আওতায় আনা। |
| ১৩. | **সূর্যের হাসি ক্লিনিক, মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম: ইউএসএআইডি (USAID) ০২. প্রকল্প এলাকা: মাদারীপুর।<br>০৩. প্রকল্পভিত্তিক প্রতিবেদনাধীন মাসের ব্যয়ের পরিমাণ**১২০৫০০.০০**/-টাকা ০৪. প্রকল্প ভিত্তিক লক্ষ্য মাত্রা: ১৮০০<br>**০৫. প্রকল্প ভিত্তিক প্রতিবেদনাধীন মাসে অর্জন:** (1) New client:00 (2) Customer-৪৫৫ (3) Service Contact-00 (4) Child Health Service-৬৯৬ (5) Family Planning Service-০০.(6) Maternal Health Service-৯৪ (7) Other Health Service-২০৫ (8)lab service -১০৯ (9)free healt camp-1৭ (10)cervical cancer counseling=৭৪ (11)cervical cancer Vaccine service= ১ |
| ১৪. | **গণ উন্নয়ন প্রচেষ্টা, রাজৈর, মাদারীপুর** |
| | **০১. প্রকল্পের নামঃ 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি'**<br>**০২. প্রকল্পস্থানের নাম, উপজেলা ও জেলাঃ** গণ উন্নয়ন প্রচেষ্টা , খালিয়া ইউনিয়ন, রাজৈর, মাদারীপুর।<br>০৫. প্রকল্প সম্পর্কিত কার্যক্রমের বিস্তারিত বিবরণঃ **প্রকল্পের কার্যক্রম সমূহ:**<br>১) প্রবীণদের জন্য সামাজিক কেন্দ্র স্থাপন, ২) প্রবীণদের জন্য পরিপোষক- ভাতা, বিশেষ সঞ্চয়, পেনশন স্কিম, ৩) প্রবীণ ব্যক্তিদের জন্যে শ্রেষ্ঠ প্রবীণ 'সম্মাননা' ও প্রবীণদের সেবা প্রদানকারী সন্তানদের 'শ্রেষ্ঠ সন্তান সম্মাননা' প্রদান, ৪) অতিদরিদ্র প্রবীণদের জন্য উপকরণ বিতরণ ও প্রশিক্ষণ, ৫) প্রবীণ স্বাস্থ্য সেবা এবং ফিজিওথেরাপি এইড তৈরি, ৬) প্রবীণ ব্যক্তিদের জন্য বিশেষ সহায়তা প্রদান, (৭) প্রবীণ ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, (৮) মৃতের সৎকার প্রদান, (৯) টি-স্টল স্থাপন, (১০) প্রবীণ জনগোষ্ঠীর উন্নয়নে বিভিন্ন সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পারস্পরিক সহযোগিতা ইত্যাদি।<br>**০৩. প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের ভৌত/ বাস্তব অর্জনঃ** এ মাসে ১৪২ জন<br>**০৪. প্রতিবেদনাধীন মাসে প্রকল্পের আর্থিক ব্যয়ঃ** এ মাসে ৪৮৪৪৭/- টাকা<br>**০৫. এমন প্রকল্প গৃহিত হয়ে থাকলে তার বিবরণ:** টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে ৩ নং লক্ষ্য ও টার্গেট অর্জিত হবে। |
| ১৫. | **কারিতাস, মাদারীপুর** |
| | ০১. প্রকল্পের নাম: ঋণ প্রকল্প ০২. প্রকল্প এলাকা: কালকিনি ০৩. প্রধান কার্যক্রম সমূহ: ক্ষুদ্র ঋণ কর্মসূচি<br>০৪. প্রকল্পের মাসিক কার্যক্রম: ক্ষুদ্র ব্যবসা, ঋণ প্রদান।<br>০৫. প্রকল্পভিত্তিক অর্জন (প্রতিবেদনাধীন মাসে অর্জন) :চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ৭৬৯৪০০০০ টাকা আদায়- ৭২৬১৯৮২০ টাকা , সার্ভিস চার্জ আদায়- ১১২১৬১৩ টাকা |
| ১৬. | **মানব শক্তি উন্নয়ন কেন্দ্র (মাশউক), মাদারীপুর** |
| | ১. প্রকল্পের নাম: (ক) দল গঠন ও ঋণ সংক্রান্ত<br>২. ঋণ প্রদান শুরুর তারিখ: ০১.০৫.২০১২, মোট সদস্য সংখ্যা ১২৪৩ জন, বর্তমান মাসে ঋণ প্রদান-১৪৮০০০০/- টাকা<br>৩. দল গঠন শুরুর তারিখ-০১.০৩.২০১২, সদস্য সংখ্যা-১৪২৬ জন, দল ১৫২ টি<br>৪. সামাজিক নিরাপত্তা কার্যক্রম: রিস্ক ফান্ড সহায়তা প্রদান (সদস্য বা তার স্বামীর মৃত্যুজনিত কারণে অবশিষ্ট ঋণ মওকুফ ও সঞ্চয় ফেরত) ১১ জন ২২৯৯৯৮/- টাকা<br>৫. সচেতনতা কার্যক্রম : কোভিড-১৯ প্রতিরোধ, আত্মহত্যা, বাল্যবিবাহ প্রতিরোধ, শিক্ষা বিস্তার, বিষমুক্ত খাদ্য উৎপাদন, আর্সেনিক ও অন্যান্য সামাজিক সচেতনতা বিষয়ক মোট-২১০ জন (মোট= ৯১১১ জন)। |
| ১৭. | **আশীর্বাদ আমগ্রাম এজি স্কুল ,রাজৈর, মাদারীপুর** |
| | ০১. কর্মসূচি/প্রকল্প : চাইল্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম (শুধুমাত্র স্কুল প্রোগ্রাম চালু রয়েছে)।<br>০২. প্রকল্প এলাকা : আমগ্রাম ইউনিয়ন, রাজৈর, মাদারীপুর। ০৩. প্রতিবেদনাধীন মাসে অর্জন : ১৪০ জন<br>০৪. প্রকল্পের মোট বরাদ্দকৃত অর্থের পরিমান : ৭৯৮৭১.০০/- টাকা ০৫. প্রতিবেদনাধীন মাসে ব্যয়: ৭৯৮৭১ টাকা<br>০৬. এ পর্যন্ত ব্যয় : ৬২৭৪১ /- টাকা |
| ১৮. | **উদ্দীপন , মাদারীপুর** |
| | ০১.প্রকল্পের নাম: মাইক্রোফাইন্যান্স। ০২. প্রকল্প এলাকা: মাদারীপুর জেলা ০৩. প্রধান কার্যক্রম সমূহ: ঋণ ও সঞ্চয়, আদান প্রদান।<br>০৪. প্রকল্পের মোট বরাদ্দকৃত অর্থের পরিমান : ০ ০৫. প্রকল্পভিত্তিক লক্ষ্যমাত্রা: ৪১২০৬০০০০ টাকা।<br>০৬. প্রতিবেদনাধীন মাসে অর্জন: ঋণ বিতরন- ২১৮৮১০০০ টাকা, সুবিধাভোগী ২৪০ জন। |
| ১৯. | **বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস), মাদারীপুর** |
| | **০১.প্রকল্পের নাম:** গৃহঋণ প্রকল্প, ক্ষুদ্র ঋণ, সেবামূলক প্রকল্প।<br>**০২.প্রকল্পের এলাকা:**মাদারীপুর সদর, রাজৈর, কালকিনি, মাদারীপুর।<br>০৩. প্রধান কার্যক্রমসমূহ: মাইক্রোফিন্যান্স ও গৃহঋণ প্রকল্প |

| | |
|---|---|
| | <u>০৪. প্রকল্পের মাসিক কার্যক্রম:</u> ঋণ প্রদান, সঞ্চয় আদায় ও ফেরৎ এবং গৃহ ঋণ প্রদান।<br><u>০৫. প্রকল্প ভিত্তিক লক্ষ্য মাত্রা:</u> (ক) সদস্য ভর্তি ০ জন, (খ) সদস্য সঞ্চয় ৫৩৬৩২৭/- টাকা (গ) ঋণ বিতরণ ৪৯৩১০০০/- টাকা, (ঘ) ঋণ আদায় ৩৮৫৪৯০০/- টাকা |
| **২০.** | **বাংলাদেশ এভরি হোম কন্টাক্ট** |
| | <u>**০১. প্রকল্পের নাম**:</u> এডুকেশন প্রজেক্ট, ভোকেশনাল ট্রেনিং, ঐকস ডেপেলপমেন্ট প্রজেক্ট, রিক্সা এন্ড ভ্যান প্রজেক্ট।<br><u>০২. প্রকল্প এলাকা:</u> রাজৈর, মাদারীপুর।<br><u>০৩. প্রধান কার্যক্রমসমূহ:</u> শিক্ষা উপকরণ, বিধবা মহিলাদের কারিগরী সেলাই।<br><u>০৪. প্রকল্পের মাসিক কার্যক্রম</u>: শিক্ষা উপকরণ, বিধবা মহিলাদের কারিগরী সেলাই।<br><u>০৫. লক্ষ্যমাত্রা:</u> (ক)৩০০ জন (খ)৫০ জন (গ)১০০০ জন<br><u>০৬. **প্রতিবেদনাধীন মাসের ব্যয়**:</u> (ক) ৩৯৭৪৫১টাকা (খ) ৮৮৪৩৫টাকা (গ)৩৮৭৫৭৬ টাকা (ঘ)১৮৯২ টাকা।<br><u>০৭. **প্রতিবেদনাধীন মাসের অর্জন**:</u> (ক)২৫৭ জন (খ)১৩ জন (গ)১৫০ জন। |
| **২১.** | **ভিলেজ এন্ড সিটি ডেভেলপমেন্ট** |
| | <u>মোট সদস্য</u> = ১৮৯৪ জন    <u>ঋণ আদায়</u>= ৩৩৩০৮১৫ জন    <u>ঋণ বিতরন</u>= ৮১০২০০০ টাকা    <u>আদায়ের হার</u>= ৯৮.৯৯% |
| **২২.** | **জ্যাপাইগো** |
| | <u>**০১. প্রকল্পের নাম:**</u> USAID's Community Nutrition and Health Activity (CNHA)<br><u>০২. **প্রতিবেদনাধীন মাসের মোট ব্যয়**</u> : ০<br>**০৩.প্রকল্পের বরাদ্দ:** ১৩৭৪৩৫০ টাকা |
| **২৩.** | **ওয়েভ ফাউন্ডেশন** |
| | <u>০১. **প্রকল্পের নাম**:</u> বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করন ৩য় পর্যায়।<br><u>০২. **প্রতিবেদনাধীন মাসের অর্জন:**</u> জেলা আইন শৃঙ্খলা মিটিং এ অংশগ্রহণ করা-১ টি, উপজেলা আইন শৃঙ্খলা মিটিং এ অংশগ্রহণ করা-৫ টি, জেলা এনজিও সভায় অংশগ্রহন করা-১ টি, উপজেলা এনজিও সভায় অংশগ্রহন করা-১ টি, ইউনিয়ন পরিষদের মাসিক আইন শৃঙ্খলা মিটিং এ অংশগ্রহন করা -৫ টি, ইউনিয়ন পরিষদের মাসিক মিটিং এ অংশগ্রহন করা -৯ টি, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের সাথে আইটরিচ কাযক্রমে অংশগ্রহন করা-৭ টি, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় সরকার দিবসের র‍্যালিতে অংশগ্রহন করা -৪ টি, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় সরকার দিবসের বিশেষ সভায় অংশগ্রহন করা -৪ টি।<br><u>০৩. **প্রতিবেদনাধীন মাসের ব্যয়:**</u> প্রশিক্ষণ শুরু না হওয়ায় আর্থিক ব্যয় হয়নি। |
| **২৪.** | **ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ** |
| | <u>০১. **প্রকল্পের নাম**:</u> Strengthening of hypertension detection, treatment,and follow-up system at primary healthcare by implementing HEARTS packages in Bangladesh (NHF RESOLVE PHASE II)<br><u>০২. **প্রতিবেদনাধীন মাসের অর্জন:**</u> উচ্চ রক্তচাপের জন্য স্ক্রিনিংকৃত রোগীর সংখ্যা- ২৯৯৪৮, রেজিস্টার্ড রোগীর সংখ্যা- ৪৬২০ রক্তচাপ নিয়ন্ত্রনে আছে এমন রোগীর হার- 88% । |
| **২৫.** | **বাংলাদেশ ইয়ূথ ফার্স্ট কনসার্ন্স** |
| | <u>০১. **প্রকল্পের নাম**:</u> মাদক মুক্ত আলোকিত যুব সমাজ গঠন।<br><u>০২. **প্রতিবেদনাধীন মাসের অর্জন:**</u> প্রোগ্রাম-২৯৮ টি, জনসংখ্যা- ১৩২৮৭ জন।<br><u>০৩. **প্রতিবেদনাধীন মাসের ব্যয়:**</u> ১৮৯৫৩৪ টাকা। |
| **২৬.** | **খ্রীষ্টিয়ান সার্ভিস সোসাইটি (সিএসএস)** |
| | <u>০১. **প্রকল্পের নাম:**</u> মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম (এমএফপি)<br><u>০২. **প্রতিবেদনাধীন মাসের অর্জন:**</u> ২৫৩৭৫৯৯৫৫ টাকা।    <u>০৩. **প্রতিবেদনাধীন মাসের ব্যয়:**</u> ১৯২৬০২৭ টাকা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ মারুফুর রশিদ খান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা, মাদারীপুর
ফোনঃ +৮৮০ ২৪৭৮৮১০৭৭৭
ই-মেইলঃ dcmadaripur@mopa.gov.bd

নম্বর-০৫.৪১.৫৪০০.১০৭.০৪.০০৩.২৪-২৪

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো,প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. পুলিশ সুপার, মাদারীপুর।
২. সিভিল সার্জন, মাদারীপুর।
৩. উপজেলা চেয়ারম্যান......................(সকল), মাদারীপুর।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), মাদারীপুর ।
৫. জেলা মৎস্য কর্মকর্তা,মাদারীপুর।
৬. জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা,মাদারীপুর।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৮. নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর।
৯. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর।
১০. উপজেলা নির্বাহী অফিসার.................. (সকল), মাদারীপুর।
১১. উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১২. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, মাদারীপুর।
১৩. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মাদারীপুর।
১৪. উপ-পরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মাদারীপুর।
১৫. জেলা সমবায় কর্মকর্তা, মাদারীপুর।
১৬. সহকারী কমিশনার, আইসিটি শাখা, মাদারীপুর। (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো)
১৭. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
১৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর।
১৯. জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, মাদারীপুর।
২০. উপ/সহকারী পরিচালক,মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,মাদারীপুর।
২১. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারীপুর।
২২. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, মাদারীপুর।
২৩. ..........................................................................................
২৪. অফিস কপি।

০৭/০৪/২০২৪
সহকারী কমিশনার
(এনজিও সেল)
জেলা প্রশাসকের কার্যালয়,
মাদারীপুর।

৮.০৪.২৪

<u>পরিশিষ্ট ‘গ’</u>

## মার্চ-২০২৪ মাসে এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের উপস্থিতি/অনুপস্থিতির তালিকা:

| ক্র নং | এনজিও-এর নাম ও ঠিকানা | উপস্থিত | অনুপস্থিত | রিপোর্ট প্রদান করেছে কিনা? |
|---|---|---|---|---|
| ১। | আশা, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ২। | ব্রাক, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৩। | লিগ্যাল এইড এসোসিয়েশন, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৪। | সমতা মানব উন্নয়ন প্রচেষ্টা, মাদারীপুর | - | ☑ | না |
| ৫। | সাজেদা ফাউন্ডেশন, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৬। | ইকো সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও), মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৭। | ট্রান্সপারেন্সি ইন্ট্যারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি), মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৮। | সৃজন মানব কল্যান সংস্থা, মাদারীপুর। | - | ☑ | না |
| ৯। | টিএমএসএস, মাদারীপুর | - | - | হ্যাঁ |
| ১০। | জাগরনী চক্র ফাউন্ডেশন, মাদারীপুর | - | ☑ | না |
| ১১। | বাংলাদেশ ইয়ুথ ফাস্টকনসার্ন্স, শশিকর, ডাসার, মাদারীপুর। | ☑ | - | হ্যাঁ |
| ১২। | বুরো বাংলাদেশ, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ১৩। | প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ১৪। | সোসাল মোবিলাইজেশনটাস্ক (সমতা), মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ১৫। | সৌহার্দ নারী কল্যান ফাউন্ডেশন (এসএনকেএফ), মাদারীপুর | - | ☑ | না |
| ১৬। | সোসাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম, মাদারীপুর | - | ☑ | না |
| ১৭। | সিডব্লিউএফডি, নতুন দিন প্রজেক্ট, রাজৈর, মাদারীপুর | - | ☑ | না |
| ১৮। | সমাধান সমাজ উন্নয়ন সংস্থা কুলপদ্দি, মাদারীপুর | ☑ | - | না |
| ১৯। | প্রদেশ সংস্থা , রাজৈর, মাদারীপুর | ☑ | - | না |
| ২০। | দেশ ডেভেলপমেন্ট সেন্টার (ডিডিসি) পোঃ কালিকাপুর, মাদারীপুর সদর, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ২১। | আরডিএফ, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ২২। | নারী বিকাশ কেন্দ্র, মাদারীপুর | - | ☑ | না |
| ২৩। | মাদারীপুর মহিলা উন্নয়ন সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ২৪। | ইসলামিক কল্যাণ সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ২৫। | ডেমিয়েন ফাউন্ডেশন, বাংলাদেশ | - | ☑ | না |
| ২৬। | প্রতিবন্ধী শিশু শিক্ষা ও সেবা সংস্থা (প্রশিসেস) শহীদ বাচ্চু সড়ক, মাদারীপুর | - | ☑ | হ্যাঁ |
| ২৭। | অংকুর পল্লী উন্নয়ন কেন্দ্র, মাদারীপুর। | ☑ | - | না |
| ২৮। | সূর্যের হাসি নেটওয়ার্ক, মাদারীপুর | - | ☑ | হ্যাঁ |
| ২৯। | প্রদীপ্ত মানব কল্যাণ সংস্থা, নতুন শহর, মাদারীপুর। | ☑ | - | না |
| ৩০। | গণ উন্নয়ন প্রচেষ্টা, রাজৈর, মাদারীপুর | - | - | হ্যাঁ |
| ৩১। | অনিদা পল্লী উন্নয়ন প্রচেষ্টা, মাদারীপুর | - | ☑ | না |
| ৩২। | সিএসএস রিজিওনাল ম্যানেজার, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৩৩। | মেরি স্টোপস ক্লিনিক, মাদারীপুর | ☑ | - | না |
| ৩৪। | এসডিএস,পানিছত্র, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৩৫। | আমিননেছা ওয়েলফেয়ারফাউন্ডেশন, কালকিনি, মাদারীপুর | - | ☑ | না |
| ৩৬। | রুপালী মানব কল্যাণ সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৩৭। | কারিতাস বাংলাদেশ গোপালপুর, কালকিনি, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৩৮। | Resource Integration Centre রিক, মাদারীপুর | ☑ | - | না |
| ৩৯। | মাদারীপুর জেলা বাক ওশ্রবণ প্রতিবন্ধী কল্যান সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৪০। | গোলাবাড়ী নারী কল্যান সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৪১। | বাংলাদেশ মহিলা পরিষদ, মাদারীপুর জেলা শাখা | - | ☑ | না |
| ৪২। | প্রেরণা সমাজ কল্যান সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৪৩। | মাদারীপুর মহিলা কল্যাণ সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৪৪। | মানব শক্তি উন্নয়ন কেন্দ্র (মাশউক), মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৪৫। | বাংলাদেশ এভরি হোম কন্টাক্ট, আমগ্রাম, রাজৈর, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৪৬। | আমগ্রাম আশীর্বাদ এ,জি স্কুল, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৪৭। | চেতনা নারী কল্যাণ সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৪৮। | উদ্দীপন, মাদারীপুর | - | ☑ | হ্যাঁ |
| ৪৯। | বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস), বড় মেহের, মাদারীপুর | - | ☑ | হ্যাঁ |

| ক্র নং | এনজিও-এর নাম ও ঠিকানা | উপস্থিত | অনুপস্থিত | রিপোর্ট প্রদান করেছে কিনা? |
|---|---|---|---|---|
| ৫১। | পল্লী উন্নয়ন সহায়ক সমিতি(পিইউএসএস), মাদারীপুর | - | ☑ | না |
| ৫২। | দেশ গ্রাম মানব সম্পদ ও পরিবেশ উন্নয়ন সংস্থা, মাদারীপুর | - | ☑ | না |
| ৫৩। | পল্লী মঙ্গল কর্মসূচি (পিএমকে), জিরাবো, আশুলিয়া, ঢাকা | - | ☑ | না |
| ৫৪। | সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস), নতুন শহর, মাদারীপুর | - | ☑ | না |
| ৫৫। | পদক্ষেপ, মানবিক উন্নয়ন কেন্দ্র, গৌরনদী, বরিশাল | - | ☑ | না |
| ৫৬। | সি এস এস, মাদারীপুর ব্রাঞ্চ, ড্রীম হ্যাভেন ভিলা (পানিছত্র), মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৫৭। | বীজ, মাদারীপুর | ☑ | - | না |
| ৫৮। | ভি,সি,ডি,এম কালকিনি ,ডাসার, মাদারীপুর | - | ☑ | হ্যাঁ |
| ৫৯। | ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অফ বাংলাদেশ, ঢাকা-১২১৬, বাংলাদেশ | ☑ | - | হ্যাঁ |
| ৬০। | প্রগতি ইসলামী জলবায়ু উন্নয়ন ও কর্মসংস্থান ফাউন্ডেশন, মাদারীপুর | - | ☑ | না |
| ৬১। | সমাজ উন্নয়ন প্রতিবন্ধী সংস্থা ছিলারচর, মাদারীপুর | ☑ | - | না |
| ৬২। | কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক), মাদারীপুর | - | ☑ | না |
| ৬৩। | সেইভ দ্য চিলড্রেন, মাদারীপুর | - | ☑ | না |
| ৬৪। | এস ডি এস, শরীয়তপুর | ☑ | - | হ্যাঁ |
| ৬৫। | পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি, মোস্তফাপুর, মাদারীপুর | ☑ | - | না |
| ৬৬। | জ্যাপাইগো বাংলাদেশ, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৬৭। | আম্বালা ফাউন্ডেশন কুলপদ্বী চৌরাস্তা, মাদারীপুর | ☑ | - | না |
| ৬৮। | কেয়ার বাংলাদেশ, মাদারীপুর পৌরসভা, মাদারীপুর | ☑ | - | না |
| ৬৯। | পিদিম ফাউন্ডেশন, মাদারীপুর | - | ☑ | না |
| ৭০। | PSKS মাদারীপুর। USAIDS CNHA project | ☑ | - | হ্যাঁ |
| ৭১। | ওয়েভ ফাউন্ডেশন, মাদারীপুর | ☑ | - | হ্যাঁ |
| ৭২। | এস ডি এস, পানিছত্র, মাদারীপুর | - | ☑ | না |
| ৭৩। | জাগো ফাউন্ডেশন স্কুল, মাদারীপুর | - | ☑ | না |

০২।০৪।২০২৪

সেবক মন্ডল
সহকারী কমিশনার
এনজিও সেল
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর

০৮.৪.২৪

পরিশিষ্ট 'ঘ'

## জানুয়ারি/ফেব্রুয়ারি/মার্চ ২০২৪ (গত তিন মাস) মাসে এনজিও সমন্বয় সভায় অনুপস্থিত এনজিওর তালিকা

| ক্রমিক নং | এনজিওর নাম | মন্তব্য |
|---|---|---|
| ১। | সমতা মানব উন্নয়ন প্রচেষ্টা, মাদারীপুর | |
| ২। | সৌহার্দ নারী কল্যান ফাউন্ডেশন (এসএনকেএফ) | |
| ৩। | সোসাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম | |
| ৪। | সিডব্লিউএফডি, নতুন দিন প্রজেক্ট, রাজৈর | |
| ৫। | ইসলামিক কল্যাণ সংস্থা,মাদারীপুর | |
| ৬। | ডেমিয়েন ফাউন্ডেশন, বাংলাদেশ | |
| ৭। | এসডিএস,পানিছত্র,মাদারীপুর | |
| ৮। | রুপালী মানব কল্যাণ সংস্থা | |
| ৯। | মাদারীপুর জেলা বাক ওশ্রবণ প্রতিবন্ধী কল্যাণ সংস্থা | |
| ১০। | গোলাবাড়ী নারী কল্যান সংস্থা | |
| ১১। | বাংলাদেশ মহিলা পরিষদ, মাদারীপুর জেলা শাখা। | |
| ১২। | প্রেরণা সমাজ কল্যান সংস্থা,মাদারীপুর | |
| ১৩। | মাদারীপুর মহিলা কল্যাণ সংস্থা | |
| ১৪। | চেতনা নারী কল্যাণ সংস্থা, মাদারীপুর | |
| ১৫। | বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস) | |
| ১৬। | পল্লী উন্নয়ন সহায়ক সমিতি(পিইউএসএস) | |
| ১৭। | দেশ গ্রাম মানব সম্পদ ও পরিবেশ উন্নয়ন সংস্থা | |
| ১৮। | পদক্ষেপ, মানবিক উন্নয়ন কেন্দ্র, গৌরনদী, বরিশাল | |
| ১৯। | প্রগতি ইসলামী জলবায়ু উন্নয়ন ও কর্মসংস্থান ফাউন্ডেশন | |

০২/০৪/২০২৪

সেবক মন্ডল
সহকারী কমিশনার
এনজিও সেল
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর

০৮.৪.২৪